

বাংলাদেশ কৃষি ব্যাংক  
বিভাগীয় কার্যালয়, খুলনা।

২৮ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ


আদ্য ২৮ এপ্রিল ২০২২ তারিখ দুপুর ০৩.০০ ঘটিকায় বিভাগীয় কার্যালয়, খুলনা এর মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, খুলনার ২০২১-২০২২ অর্থ বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ৩য় ত্রৈমাসিকের অর্জনের উপর পর্যালোচনা সংক্রান্ত বিভাগীয় নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন।


০১।	জনাব আশরাফুজ্জামান খান মহাব্যবস্থাপক বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা।	সভাপতি
০২।	জনাব শাহনেওয়াজ মোহাম্মদ মোস্তফা ফায়সাল উপমহাব্যবস্থাপক বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা।	সদস্য
০৩।	জনাব মোঃ আমিনুল ইসলাম উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা।	সদস্য
০৪।	জনাব মোঃ রকিবুল বাশার উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা।	সদস্য সচিব


০২। সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সভার সদস্য সচিব ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ৩য় ত্রৈমাসিকের অর্জন বিষয়ে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ৩য় ত্রৈমাসিকের অর্জনের পর্যালোচনা করেন এবং বিগত ২০/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্তের অর্জন নিয়ে আলোচনা করেন। অত্র কার্যালয়সহ অত্র বিভাগাধীন সকল শাখা/কার্যালয়ে শুদ্ধাচার চর্চা এবং এর যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন।


০৩। সভায় বিভাগের চলমান বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করা হয় এবং শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সকল সদস্য বর্ণিত বিষয়ে তাদের অভিমত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে সভার সকল সদস্যের ঐক্যমতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-  
ক) জানুয়ারী, ২০২২ হতে মার্চ, ২০২২ সময়কালের ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন/শুদ্ধাচার বিষয়ক তথ্যাদি ওয়েবসাইটের শুদ্ধাচার ট্যাবে আপলোড করতে হবে।  
খ) ২০২১-২০২২ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের লক্ষ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।  
গ) অত্র বিভাগাধীন অঞ্চল সমূহ কর্তৃক ব্যাংকের ওয়েবসাইটে ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন/শুদ্ধাচার বিষয়ক আপলোডকৃত তথ্যাদি যাচাই/বাছাই পূর্বক সঠিকতা নিরূপন করে এতদবিষয়ে একটি প্রত্যয়নপত্র শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা'য় প্রেরণ করতে হবে।

০৪। অতঃপর সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ রকিবুল বাশার)  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা  
বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা  
ও  
সদস্য সচিব  
বিভাগীয় নৈতিকতা কমিটি, খুলনা।

  
(মোঃ আমিনুল ইসলাম)  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা  
বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা  
ও  
সদস্য  
বিভাগীয় নৈতিকতা কমিটি, খুলনা।

  
(শাহনেওয়াজ মোহাম্মদ মোস্তফা ফায়সাল)  
উপমহাব্যবস্থাপক  
বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা  
ও  
সদস্য  
বিভাগীয় নৈতিকতা কমিটি, খুলনা।

  
(আশরাফুজ্জামান খান)  
(মহাব্যবস্থাপক)  
বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা  
ও  
সভাপতি  
বিভাগীয় নৈতিকতা কমিটি, খুলনা।